দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 JAN 1997
পৃষ্ঠা ৪ কলাম 2

31

# বেসরকারী শিক্ষক কর্মচারীদের ২১ দফা দাবি মেনে নেয়ার আহ্বান

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ শিক্ষক সমিতি বেসরকারী শিক্ষক-কর্মচারীদের মূল বেতনের এক শ' ভাগ প্রদান, শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট ফান্ড পুনর্চালু, শিক্ষকদের অবসর সুবিধা প্রবর্তন, তিনটি টাইম স্কেল প্রদানসহ ২১ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছে। নেতৃবৃন্দ বলেন, ১৯৯০ সালে বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট ফান্ড চালু করা হয়েছিল। ছয় মাস চালু থাকার পর তা বন্ধ করে দেয়া হয়েছে। গত ছয় বছরেও এই ফান্ড চালু করা হয়নি।

গতকাল শনিবার এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতি নেতৃবৃন্দ এ কথা বলেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তৃতা পড়ে শোনান সমিতির মহাসচিব আজিজুল হক শাহ। উপস্থিত ছিলেন সমিতির সভাপতি আলহাজ মুহম্মদ আবদুস ছালাম, আবদুল মতিন, মিসেস সাজেদা বেগম, মোহাম্মদ আলী, মুহাম্মদ ইছাহক মুন্সী, সহিদুর রহমান প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট তহবিলে শতকরা ২ ভাগ হারে বেতন কেটে রেখে একটি তহবিল গড়ে তোলা হচ্ছিল। ১৯৯০ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত এই তহবিলে ৩ কোটি ১২ লাখ ৪০ হাজার টাকা জনতা ব্যাংকের তোপখানা শাখায় জমা হয়। কিন্তু এক আদেশবলে এই ফান্ডের কাজ স্থগিত করা হয়েছে। বিগত ছয় বছরেও তা চালু হয়নি। নেতৃবৃন্দ বলেন, ১৯৯৪ সালে রাজপথে আন্দোলনের সময় বর্তমান প্রধানমন্ত্রী ও তৎকালীন বিরোধীদলীয় নেত্রী থাকাকালে শিক্ষক সমাজের দাবি-দাওয়া পূরণের আশ্বাস দিয়েছিলেন। দেশের শিক্ষক সমাজ এই আশ্বাসের বাস্তবায়ন দেখতে চান।

সাংবাদিক সম্মেলনে প্রধান শিক্ষক ও সহঃ প্রধান শিক্ষকদের পরবর্তী উচ্চতর স্কেল প্রদান, শিক্ষক সংকোচন নীতি পরিহার করে ২৪ অক্টোবর '৯৫-এর জনবল কাঠামো নীতি বাতিলের মাধ্যমে নতুন শিক্ষক নিয়োগের সুযোগ দান করার দাবি জানানো হয়।